

# যুগান্তর

তারিখ 24 OCT 2007 ...  
পৃষ্ঠা ৩০ কলাম ৩ ...

## পরিপ্রবিতে পরীক্ষা বর্জনকারী শিক্ষার্থীদের হলে প্রবেশ ও অবস্থানে নিষেধাজ্ঞা

### দুই দিক প্রতিনিধি

পটভূমিকী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কৃষি অনুষদের ১ম ও ২য় সেমিস্টারের ব্যবহারিক পরীক্ষা বর্জনকারী শিক্ষার্থীদের মঙ্গলবার থেকে আবাসিক হলগুলোতে প্রবেশ ও অবস্থানে নিষেধাজ্ঞা জারি করেছে কর্তৃপক্ষ। ক্যাম্পাস সূত্র জানায়, পবিত্র ঈদুল ফিতর ও দুর্গাপূজার ছুটি শেষে মঙ্গলবার বিশ্ববিদ্যালয় খোলার দিনে আবাসিক হলগুলোতে প্রধান ঘটনাকে টানানো যেটিতে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত ৫ই দুই সেমিস্টারের শিক্ষার্থীদের হলে প্রবেশে নিষেধাজ্ঞা জারি করা হয়। ব্যবহারিক পরীক্ষার তারিখ পরিবর্তনের দাবিতে ১ অক্টোবর বিশ্ববিদ্যালয়ের কৃষি অনুষদের ১ম ও ২য় সেমিস্টারের শিক্ষার্থীরা পরীক্ষা বর্জন করে ক্যাম্পাস ত্যাগ করে। এতে বিশ্ববিদ্যালয়ের শৃংখলা ভঙ্গের অভিযোগ এনে ঘটনার পরের দিন উচ্চতর শিক্ষা ও গবেষণা বিভাগের তিন অধ্যাপক ডা. স. ম. মোস্তফা ডায়নকে আশ্রয়ক করে তিন সনসোর একটি তদন্ত কমিটি গঠন ও ৩ অক্টোবর থেকে সংশ্লিষ্ট বিভাগগুলোর নির্ধারিত সব ব্যবহারিক পরীক্ষা অনির্দিষ্টকালের জন্য স্থগিত করে কর্তৃপক্ষ। একই সঙ্গে সংশ্লিষ্ট শিক্ষার্থীদের অভিভাবকদের অবহিতকরণ ও প্রাথমিক তদন্তে অভিযুক্ত শিক্ষার্থীদের তদন্ত কমিটির কাছে সাক্ষাৎসহকারে তানা আজ ক্যাম্পাসে উপস্থিত থাকতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ চিঠি লিখেছে। সূত্র আরও জানায়, ১০ থেকে ২২ অক্টোবর পর্যন্ত ঈদুল ফিতর ও দুর্গাপূজার ছুটি শেষে গতকাল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সিদ্ধান্তক্রমে হলগুলোতে সংশ্লিষ্ট শিক্ষার্থীদের আবাসিক হলে প্রবেশ ও অবস্থান নিষিদ্ধ করা হয়েছে। এদিকে সরেবন্দিন গিয়ে গতকাল সকাল থেকেই

বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন আবাসিক হলগুলোতে সংশ্লিষ্ট শিক্ষার্থীদের ভিড় করতে দেখা গেছে। হলেগুলোতে অবস্থানকারী করেকজন শিক্ষার্থী জানায়, আগের চিঠিতে হলে অবস্থানে বিধি নিষেধাজ্ঞা না থাকায় তারা ক্যাম্পাসে এসেছে। হলে অবস্থান করতে না দেয়ায় এ মুহুর্তে বাড়ি ফিরে যেতে অনেক সমস্যা হবে। তদন্ত কমিটির আশ্রয়ক এবং উচ্চতর শিক্ষা ও গবেষণা বিভাগের তিন অধ্যাপক ডা. স. ম. মোস্তফা ডায়ন দুগুণ্ডতরকে জানান, প্রাথমিক তদন্তে কৃষি অনুষদের ১ম সেমিস্টারের ১৮ জন ও ২য় সেমিস্টারের ১৬ জন শিক্ষার্থীর ঘটনার সঙ্গে সংশ্লিষ্টতা প্রমাণিত হওয়ার তাদের অভিযুক্ত করে তদন্ত প্রতিবেদন ইতিমধ্যেই কর্তৃপক্ষের কাছে দাখিল করা হয়েছে। ক্যাম্পাস বন্ধ থাকায় তাদের সাক্ষাৎসহকারে সস্তর হয়নি। তাই আজ অভিভাবকদের তদন্ত কমিটির কাছে সাক্ষাৎসহকারে তানা উপস্থিত থাকতে ইতিমধ্যেই চিঠি পাঠানো হয়েছে। বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অধ্যাপক ড. সুলতান আহম্মেদ জানান, বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার আয়তনবিধি লঙ্ঘনের অভিযোগে সংশ্লিষ্ট অনুষদের ৩৪ জন শিক্ষার্থীকে

আজ তদন্ত কমিটির কাছে সাক্ষাৎসহকারে তানা উপস্থিত থাকতে চিঠি পাঠানো হয়েছে এবং সংশ্লিষ্ট ১ম ও ২য় সেমিস্টারের অন্য শিক্ষার্থীদের পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত আবাসিক হলে প্রবেশ ও অবস্থান নিষিদ্ধ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে শৃংখলা কমিটি। অপর এক প্রবেশ ভবনকে তিনি বলেন, ক্যাম্পাস ছুটির আগেই অভিযুক্তদের বহুদে সংশ্লিষ্ট শিক্ষার্থীদের ক্যাম্পাস খোলার পর আবাসিক হলে অবস্থান না করার জন্য চিঠি পাঠানো হয়েছে।